# ১১-২০তম গ্রেড লেকচার শিট বাংলা ভাষা ও সাহিত্য

## লেকচার ২

**লেকচার কনটেন্ট**

☑ ণ-ত্ব বিধান এবং ষ-ত্ব বিধান
☑ শব্দের শ্রেণিবিভাগ

## ণ-ত্ব বিধান এবং ষ-ত্ব বিধান

### ণ-ত্ব বিধান

যে বিধি অনুসারে তৎসম শব্দে 'ণ' এর ব্যবহার হয় তাকে ণ-ত্ব বিধি বা ণ-ত্ব বিধান বলে।

✪ তৎসম শব্দে সংস্কৃত ব্যাকরণের নিয়ম অনুযায়ী কয়েকটি নির্দিষ্ট স্থানে দন্ত্য-ন এর পরিবর্তে মূর্ধন্য-ণ ব্যবহৃত হয়।

✪ **নিম্নে মূর্ধন্য-ণ ব্যবহারের কিছু নিয়ম প্রদত্ত হল:**

১. ঋ, র, ষ, ক্ষ এর পরে দন্ত্য-ন থাকলে তা মূর্ধন্য-ণ' হয়। যেমন- তৃণ, মৃণাল, চূর্ণ, স্বর্ণ, দূষণ, ভীষণ, ক্ষীণ, ক্ষণিক।

২. ট–বর্গীয় ধ্বনির (ট, ঠ, ড, ঢ, ণ) আগে দন্ত্য-ন ব্যবহৃত হয়ে যুক্ত ব্যঞ্জন গঠিত হলে সব সময় দন্ত্য-ন মূর্ধন্য-ণ হয়। যেমন: কাণ্ড, গণ্ড, প্রচণ্ড, বণ্টিত, অকুণ্ঠিত, ভুলুণ্ঠিত, ঘণ্টা, উৎকণ্ঠা।

৩. প্র, পরা, পরি, নির – এ চারটি উপসর্গের পর দন্ত্য–ন মূর্ধন্য-ণ হয়। যেমন– প্রণয়, প্রণত, প্রণীত, প্রবণ, প্রবীণ, পরিণত, পরিণতি, নির্ণয়, নির্বাণ। আবার অপর, পরা, পূর্ব, প্র এই কয়টি পূর্বপদের পর 'অহ্ন' যুক্ত হলে দন্ত্য-ন এর জায়গায় মূর্ধন্য-ণ হয়। যেমন– পূর্ব + অহ্ন = পূর্বাহ্ণ, অপর + অহ্ন = অপরাহ্ণ, পরা + অহ্ন = পরাহ্ণ।

৪. ঋ, র, ষ এর পরে যদি স্বরবর্ণ, ক-বর্গ (ক, খ, গ, ঘ, ঙ), প-বর্গ (প, ফ, ব, ভ, ম) এবং (য় ব হ ং) বর্ণ গুলোর এক বা একাধিক বর্ণ থাকলে তার পরের দন্ত্য-ন মূর্ধন্য-ণ হয়। যেমন: গ্রামীণ, কৃপণ, অর্পণ, চর্বণ, গ্রহণ, দ্রবণ, রামায়ণ, ব্রাহ্মণ।

৫. উত্তর,পর,পার,চান্দ্র,রাম,নার,নারা,রবীন্দ্র শব্দের পরে 'অয়ন' প্রত্যয় যুক্ত হলে 'অয়ন' এর 'ন' 'ণ' হয়। যেমন: উত্তরায়ণ,চন্দ্রায়ণ,নারায়ণ, রামায়ণ ইত্যাদি।

### ণ-ত্ব বিধান প্রযোজ্য নয়

৫। বিদেশি শব্দে ণ-ত্ব বিধান প্রযোজ্য নয়। যেমন– ইরান, কোরআন, ট্রেন, জার্মান, গ্রিন, ওয়েস্টার্ন, লন্ডন, সিমেন্ট, পেপসোডেন্ট, প্রিন্ট।

৬। বাংলা ক্রিয়াবাচক শব্দে মূর্ধন্য-ণ হয় না। যেমন - সরেন, মরেন, মারেন, ধরেন, করেন।

৭। সমাসবদ্ধ শব্দে দ্বিতীয় পদের 'ন' অপরিবর্তিত থাকে। যেমন– সর্বনাম, রঘুনন্দন, বরানুগমন, দুর্নাম, দুর্নীতি, দুর্নিমিত্তি।

৮। সমাস সত্ত্বেও কতক পদের 'ন' - 'ণ' হয়। যথা– অগ্রণী, উত্তরায়ণ, নারায়ণ, পূর্বাহ্ণ, অগ্রহায়ণ।

### কতকগুলো শব্দে স্বভাবতই মূর্ধন্য-ণ হয়

চাণক্য মাণিক্য গণ    বাণিজ্য লবণ মণ
বেণু বীণা কঙ্কণ কণিকা।
কল্যাণ শোণিত মণি    স্থাণু গুণ পুণ্য বেণী
ফণী অণু বিপণি গণিকা।
আপণ লাবণ্য বাণী    নিপুণ ভণিতা পাণি
গৌণ কোণ ভাণ পণ শাণ
চিক্কণ নিক্বণ তূণ    কফণি বণিক গুণ
গণনা পিণাক পণ্য বাণ।



### এক কথায় প্রশ্নোত্তর

১. **কোন শব্দগুলোতে স্বভাবতই মূর্ধন্য-ণ হয়?**
উত্তর: লবণ, কণিকা, কল্যাণ, আপণ, লাবণ্য, অণু, নিপুণ প্রভৃতি।

২. **প্র, পরি, নির- উপসর্গের পর কোন ধ্বনি হয়?**
উত্তর: 'ণ'।

৩. **ণ-ত্ব বিধান হয় না কোন শব্দে?**
উত্তর: সমাসবদ্ধ শব্দে।

৪. **ণ-ত্ব বিধান কী?**
উত্তর: তৎসম শব্দে 'ণ' এর ব্যবহারের নিয়ম।

৫. **বাংলা (দেশি), তদ্ভব ও বিদেশি শব্দে কোন বর্ণ লেখার প্রয়োজন নেই?**
উত্তর: 'ণ' লেখার।

**৬. প্র, পরা, পূর্ব + 'অহ্ন' যুক্ত হলে দন্ত্য-ন স্থলে কী হয়?**
**উত্তর:** 'ণ'।

**৭. তৎসম শব্দে ঋ, র, ষ এর পরে কী হয়?**
**উত্তর:** মূর্ধন্য-'ণ'।

**৮. ট-বর্গীয় (ট, ঠ, ড, ঢ) ধ্বনির সাথে যুক্ত ব্যঞ্জন গঠিত হলে কী হবে?**
**উত্তর:** 'ণ'। যেমন- ঘণ্টা, দণ্ড, কাণ্ড।

**৯. 'দুর্নাম' ও 'দুর্নিবার' শব্দ দুটিতে 'ণ' ব্যবহার হয়নি কেন?**
**উত্তর:** সমাসবদ্ধ পদ বলে।

## Teacher's Work



**১. ণ-ত্ব বিধি অনুসারে কোন বানানটি শুদ্ধ?** [১৭তম শিক্ষক নিবন্ধন সহকারী শিক্ষক (স্কুল পর্যায়)-২০২২]
ক. পূর্বাহ্ণ খ. মধ্যাহ্ণ গ. অপরাহ্ণ ঘ. সায়াহ্ণ **উ:** ক

**২. সমাসবদ্ধ শব্দে সাধারণত ণ-ত্ব বিধান খাটে না-এর উদাহরণ কোনটি?** [১৬তম শিক্ষক নিবন্ধন সহকারী শিক্ষক (স্কুল সমমান)-২০১৯]
ক. অগ্রনায়ক খ. রতন গ. আপন ঘ. অনুষ্ঠান **উ:** ক

## ষ-ত্ব বিধান

বাংলা ভাষায় সাধারণত মূর্ধন্য-ষ ধ্বনির ব্যবহার নেই। কেবল কিছু তৎসম শব্দে 'ষ' এর ব্যবহার রয়েছে। সুতরাং ব্যাকরণের নিয়ম অনুযায়ী তৎসম শব্দের বানানে দন্ত্য-স কে মূর্ধন্য-ষ তে রূপান্তরিত করার নাম ষ-ত্ব বিধান। যেমন- মুমূর্ষু, অভিষেক, সুষম, বিষণ্ন।

### ✪ নিম্নে মূর্ধন্য-ষ ব্যবহারের কিছু নিয়ম প্রদত্ত হল:

১। **অ, আ ছাড়া অন্যান্য স্বরবর্ণের (ই ি, ঈ ী, উ ু, ঊ ূ, এ ে, ঐ ৈ, ও ো, ঔ ৌ) পরে এবং ক ও র এর পরে বহু ক্ষেত্রে 'ষ' হয়ে থাকে।** যেমন– পরিষ্কার, আবিষ্কার, ভীষণ, ঈষৎ, রুষ্ট, সুষম, তুষার, পূষণ, দূষণ, উষর, মেষ, ঐষিক, হিতৈষী, পোষণ, শোষণ, ঔষধি, পৌষ।

২। **'ঋ' ও 'র' এর পরে মূর্ধন্য-ষ হবে।**
যেমন– বৃষ্টি, দৃষ্টি, কৃষ্টি, সৃষ্টি, বর্ষ, বর্ষা, বর্ষণ, ধর্ষণ, কৃষক, তৃষ্ণা, হর্ষ, মুমূর্ষু, আকর্ষণ ইত্যাদি।

৩। **যুক্তাক্ষরে যদি দন্ত্য–'স 'এর পরে ট/ঠ থাকে তবে দন্ত্য–'স' এর স্থলে মূর্ধন্য-ষ হবে।**
যেমন = দুষ্ট, কষ্ট, ইষ্ট, তুষ্ট, বিশিষ্ট, অনিষ্ট, রাষ্ট্র, কনিষ্ঠ, ভূমিষ্ঠ, অনুষ্ঠান, পৃষ্ঠ ইত্যাদি।

৪। **বাংলা ভাষায় দেশি-বিদেশি মোট পঞ্চাশটির ও বেশি উপসর্গ আছে। এসব উপসর্গের মধ্যে ই–কারান্ত এবং উ–কারান্ত উপসর্গের পরে মূর্ধন্য–ষ হবে।**
যেমন– অভি + সেক > অভিষেক, সু+সুপ্ত > সুষুপ্ত, প্রতি+সেধক > প্রতিষেধক, বি+সম > বিষম, সু+সম > সুষম ইত্যাদি।

### ষ-ত্ব বিধান প্রযোজ্য নয়

৫। **'সাৎ' প্রত্যয় যুক্ত সংস্কৃত শব্দে মূর্ধন্য-ষ না হয়ে দন্ত্য-স হবে।** যেমন- অগ্নিসাৎ, ধূলিসাৎ, ভূমিসাৎ।

৬। **বিদেশি ও অন্যান্য অতৎসম শব্দের বানানে ষ-ত্ব বিধি প্রযোজ্য নয়।**
যেমন- স্টোর, স্টার, ডাস্টার, পোস্টার, মিস্টার, স্টিকার, ব্যারিস্টার, টুস্টার, পোস্টমাস্টার, সিস্টার, স্টেশন, স্ট্যান্ট, মাস্টার, ফটোস্ট্যাট, রেস্টুরেন্ট, ইস্টার্ন ইত্যাদি।

৭। **বাংলা ক্রিয়ায় ষ-ত্ব বিধি প্রযোজ্য নয়- যাস, খাস, হাস, করিস ইত্যাদি।**

৮। **কতকগুলো শব্দে স্বভাবতই মূর্ধন্য-ষ হয়।** যেমন–

আষাঢ় শেষ ঈষৎ মেষ
ভাষা কলুষ ভাষ্য মানুষ।
ষোড়শ কোষ পৌষ রোষ
ষট্ পুরুষ মানুষ পাষণ্ড ষণ্ড প্রত্যুষ।
আভাষ ভাষণ অভিলাষ পোষণ
উষর তোষণ উষা শোষণ।
ঔষধ বিষাণ ষড়যন্ত্র পাষাণ
বিশেষ ভূষণ সরিষা দূষণ।

## এক কথায় প্রশ্নোত্তর



**১. ট-বর্গীয় ধ্বনির সঙ্গে কোন বিধি প্রয়োগ হয়?**
**উত্তর:** 'ষত্ব ও ণত্ব বিধি।

**২. খাঁটি বাংলা, তদ্ভব ও বিদেশি শব্দে কোন ধ্বনির ব্যবহার নেই?**
**উত্তর:** 'ষ' ধ্বনি।

**৩. ঋ, রেফ, ঋ-কার এরপর কোনটি হয়?**
**উত্তর:** 'ষ'।

**৪. সম্ভাষণসূচক শব্দে এ-কারের পর কোন ধ্বনি বসে?**
**উত্তর:** 'ষ' (যেমন- শ্রদ্ধাস্পদেষু, প্রিয়বরেষু)।

**৫. সম্ভাষণসূচক স্ত্রীবাচক শব্দে আ-কারের পর কোন ধ্বনি বসে?**
**উত্তর:** 'স' (যেমন- কল্যাণীয়াসু, সুচরিতাসু প্রভৃতি)।

**৬. কোন প্রত্যয়যুক্ত পদে মূর্ধন্য 'ষ' হয় না?**
**উত্তর:** 'সাৎ'।

## Teacher's Work



১. **নিত্য মূর্ধন্য-ষ কোন শব্দে বর্তমান?** [২৪তম বিসিএস ২০০৩; ২০তম বিসিএস; বা.প.উ.বো. (হিসাবরক্ষক)'২২; খা.অ. (উপ-খাদ্য পরিদর্শক)'২১]
ক. কষ্ট খ. উপনিষৎ গ. কল্যাণীয়েষু ঘ. আষাঢ় **উ: ঘ**

২. **কোন প্রত্যয়যুক্ত পদের মূর্ধন্য 'ষ' হয় না?** [১৩তম শিক্ষক নিবন্ধন সহকারী শিক্ষক (স্কুল-২)-২০১৬]
ক. সাৎ খ. সা গ. ষ্ণেয় ঘ. ষ্ণিক **উ: ক**

৩. **"পুরষ্কার-বিতরণী অনুষ্ঠানের পরিবেশ এত অপরিষ্কার"! –বাক্যটি নিম্নরেখ পদে ষ/স ব্যবহারে–** [৩৫তম বিসিএস]
ক. প্রথমটি অশুদ্ধ, দ্বিতীয়টি শুদ্ধ খ. প্রথমটি শুদ্ধ, দ্বিতীয়টি অশুদ্ধ
গ. দুটোই অশুদ্ধ ঘ. দুটোই শুদ্ধ **উ: গ**

# শব্দের শ্রেণিবিভাগ

**শব্দ:** মনের ভাব প্রকাশের জন্য এক বা একাধিক ধ্বনি বা বর্ণ মিলে কোনো অর্থ প্রকাশ করলে তাকে শব্দ বলে।
অর্থবোধক ধ্বনি ও ধ্বনি সমষ্টিকে শব্দ বলা হয়।

| শব্দ |
|---|
| বাক্যের মৌলিক উপাদান শব্দ। |
| শব্দকে বাক্যের একক বলা হয়। |
| বাক্যের বাহন হলো শব্দ। |
| শব্দের অর্থযুক্ত ক্ষুদ্রাংশকে রূপ বলে। |
| শব্দের ক্ষুদ্রতম অংশকে বলা হয় ধ্বনি। |

**শব্দ গঠনের উপায়:** শব্দ গঠনের উপায়গুলো নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| উপসর্গ যোগে | সন্ধির সাহায্যে | সমাসের সাহায্যে |
| প্রত্যয় যোগে | দ্বিরুক্তির সাহায্যে | পদ পরিবর্তনের মাধ্যমে |

বাংলা শব্দ ভাণ্ডারে রয়েছে বিচিত্র শব্দের সমারোহ। বিভিন্ন দৃষ্টিকোণ থেকে শব্দের শ্রেণিবিভাগ হতে পারে।
যেমন: ক. উৎসমূলক শ্রেণিবিভাগ
খ. গঠনমূলক শ্রেণিবিভাগ
গ. অর্থমূলক শ্রেণিবিভাগ

## শব্দের উৎসমূলক শ্রেণিবিভাগ

১. বাংলা ভাষা গোড়াপত্তনের যুগে অল্পসংখ্যক শব্দ নিয়ে যাত্রা শুরু করলেও নানা ভাষার সংস্পর্শে এসে এর শব্দভাণ্ডার বহুল পরিমাণ বৃদ্ধি পেয়েছে।
২. দেশি বিদেশি বিভিন্ন উৎস থেকে যেসব শব্দ বাংলা ভাষায় এসেছে সেগুলোই উৎপত্তি বা উৎসমূলক শব্দ।
৩. ব্যুৎপত্তিগতভাবে বা উৎস বিচারে বাংলা ভাষার শব্দকে পণ্ডিতগণ ৫টি ভাগে ভাগ করেছেন।
যথা:

| | | |
|---|---|---|
| তৎসম শব্দ | অর্ধতৎসম শব্দ | তদ্ভব শব্দ |
| দেশি শব্দ | বিদেশি শব্দ | |

৪. বি.দ্র. নবম-দশম শ্রেণির নতুন ব্যাকরণ বই অনুযায়ী উৎস বিবেচনায় বাংলা ভাষার শব্দ চার প্রকার। যথা: তৎসম, তদ্ভব, দেশি ও বিদেশি। এখানে অর্ধ-তৎসম শব্দকে বাদ দেওয়া হয়েছে।
৫. এছাড়াও একাধিক ভাষার শব্দ সংযোগে আরেক ধরনের শব্দ তৈরি হয়। এগুলোকে মিশ্র শব্দ বলে।

### তৎসম শব্দ

১. তৎসম একটি পারিভাষিক শব্দ। তৎসম অর্থ তার (তৎ) সমান (সম)। তৎসম শব্দ বলতে বুঝায় সংস্কৃত শব্দ। সংস্কৃত ভাষা থেকে যেসব শব্দ সরাসরি বাংলায় এসেছে ও যাদের রূপ অপরিবর্তিত রয়েছে, সেসব শব্দকে তৎসম শব্দ বলে। প্রাচীন ভারতীয় আর্যভাষা থেকে বিবর্তিত যেসব বাংলা শব্দের লিখিত চেহারা সংস্কৃত ভাষার শব্দের অনুরূপ সেগুলোকে তৎসম শব্দ বলে।
২. সংস্কৃত ব্যাকরণ অনুসরণ করে গঠিত পারিভাষিক শব্দকেও তৎসম শব্দ বলা হয়। যথা: অধ্যাদেশ, গণপ্রজাতন্ত্রী, মহাপরিচালক, সচিবালয় ইত্যাদি।

**তৎসম শব্দ**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| চন্দ্র | সূর্য | ভবন | ধর্ম | ধূম্র | সাগর |
| জ্যোৎস্না | হিম | পুস্তক | বৃক্ষ | সন্ধ্যা | মানব |
| পাত্র | পুত্র | কবি | জীবন | ফল | কুৎসিত |
| শ্রাদ্ধ | গমন | উষা | অশ্ব | মস্তক | ক্ষতি |
| চন্দন | মাতা | দান | দধি | বায়ু | আকাশ |
| জল | অলাবু | নদী | ক্ষুধা | খাদ্য | দেশ |
| পাঠক | পঞ্চম | অঞ্চল | উত্তর | আঘাত | উদর |
| পৃথিবী | গ্রহ | কিংবদন্তি | তরণি | ঊর্ণা | |

**সংস্কৃত ভাষার শব্দ থেকে বিভিন্ন বাংলা শব্দের উৎপত্তি**

| সংস্কৃত শব্দ | বাংলা শব্দ | সংস্কৃত শব্দ | বাংলা শব্দ |
|---|---|---|---|
| দধি | দই | শাটী | শাড়ি |
| নিম্বু | লেবু | বাটী | বাড়ি |
| ফুল্ল | ফুল | ঢক্কা | ঢাক |
| ডিম্ব | ডিম | স্ফূর্তি | ফূর্তি |
| চিপিটক | চিড়া | সমর্থ | সোমত্ত |
| দুগ্ধ | দুধ | | |

## অর্ধতৎসম শব্দ

**অর্ধতৎসম শব্দ**

মনে রাখার টেকনিক: গেরাম এ ছেরাদ্দে'র নেমন্তন্ন খেতে এসে খিদে আর তেষ্টায় গিন্নি কেষ্ট বোষ্টম কে মিষ্টি আনতে বললেন। কিন্তু রাতে কুচ্ছিত ষাঁড় জোছনা দেখতে দেয়নি।

১. বাংলা ভাষায় কিছু সংস্কৃত শব্দ কিঞ্চিৎ পরিবর্তিত আকারে ব্যবহৃত হয়, এগুলোকে অর্ধতৎসম শব্দ বলে। যেমন: জ্যোৎস্না > জোছনা ।

২. বাংলা ভাষায় অর্ধতৎসম শব্দগুলো এসেছে সংস্কৃত ভাষা থেকে।

| তৎসম | অর্ধতৎসম | তৎসম | অর্ধতৎসম |
|---|---|---|---|
| গৃহিণী | গিন্নি | কৃষ্ণ | কেষ্ট |
| কুৎসিত | কুচ্ছিত | বৈষ্ণব | বোষ্টম |
| ক্ষুধা | খিদে | মিষ্ট | মিষ্টি |
| তৃষ্ণা | তেষ্টা | নিমন্ত্রণ | নেমনতন্ন |
| গ্রাম | গেরাম | শ্রাদ্ধ | ছেরাদ্দ |
| জ্যোৎস্না | জোছনা | ষণ্ড | ষাঁড় |

## তদ্ভব শব্দ

**তদ্ভব শব্দ**

মনে রাখার টেকনিক: মা তামা'ন্নাকে হাত দিয়ে মাছ ভাত ঘি খাওয়া শিখাতে গিয়ে আধখানা চাঁদ ধরে আনার জন্য চামারকে বাছলেন (বাছা)।

১. তদ্ভব কথাটির অর্থ হচ্ছে তার (সংস্কৃত) থেকে উদ্ভব। **তদ্ভব শব্দগুলোকে খাঁটি বাংলা শব্দও বলে।**

২. যেসব শব্দের মূল সংস্কৃত ভাষায় পাওয়া যায়, কিন্তু ভাষার স্বাভাবিক বিবর্তনের ধারায় প্রাকৃতের মাধ্যমে পরিবর্তিত হয়ে আধুনিক বাংলায় স্থান করে নিয়েছে, সেসব শব্দকে বলা হয় তদ্ভব শব্দ। যেমন: চাঁদ, চামার, পাখি, পা, পাতা, বাছা, ভিটা, ভাত, মা, হাত, নাচ, কান, জিভ, দাঁত, হাতি, ঘোড়া, সাপ, পাখি, কুমির ইত্যাদি।

৩. **তৎসম শব্দ থেকে তদ্ভব শব্দের উৎপত্তি:**

| সংস্কৃত | প্রাকৃত | তদ্ভব | সংস্কৃত | প্রাকৃত | তদ্ভব |
|---|---|---|---|---|---|
| চর্মকার | চম্মআর | চামার | ঘৃত | ঘিঅ | ঘি |
| চন্দ্র | চন্দ | চাঁদ | পাদ | পাঅ | পা |
| মাতা | মাআ | মা | কাষ্ঠ | কট্ঠ | কাঠ |
| হস্ত | হত্থ | হাত | ভক্ত | ভত্ত | ভাত |
| | | শিখ | অর্ধ | | আধ |
| মৎস্য | | মাছ | তাম্র | | তামা |

## দেশি শব্দ

**দেশি শব্দ**

মনে রাখার টেকনিক: আবুল এক গঞ্জের কুড়ি ডাগর টোপর মাথায় নিয়ে চোঙ্গা হাতে পেটে'র জ্বালায় খেয়া ডিঙ্গা করে খড় কুলা চুলা চিংড়ি চাউল ডাব ঝিঙ্গা ঢেঁকি বিক্রি করতে গিয়ে সাথে নিল (তৎসম) পাঠা। উল্টা পথে ঝাড় এর পাশে আঁড় ওত পেতে ছিল খাড়া কালো বাদুড় চেঁচিয়ে বলে খুকি চাপা মারিসনা।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ডাঙা | চাউল | ঝিনুক | ছাঁচ | ইটা | ডিঙি |
| গজা | চারা | খড় | ডোম | ভিড় | ম্যাজম্যাজ |
| ঝাড় | কুড়ি | ঢিল | চিড় | ট্যাক | ট্যাটা |
| পেট | চুনি | পেট | ডাগুর | পাঁঠা | জুলজুল |
| ডাহা | আড় | ফের | বাট | ডাব | টোপর |
| খুঁটি | খাড়ি | মুড়কি | ওত | ঢোল | চিড়িক |
| ম্যাড়া | দোলনা | খোঁটা | পুঁটলি | ঢেউ | খেঁকি |
| ডুঙি | খালুই | বোঙ্গা | খুড়া | খুড়ি | পাটনি |
| চাঙ | বোরো | রুই | বাখারি | চাটাই | হাড়ুডু |
| কৌটা | চাঙারি | চামচা | ট্যাঁক | পুঁতি | কাঁচুমাচু |
| ডাঁসা | কাঠুরিয়া | জামবাটি | কুলকুচা | কাতলা | কালবাউশ |
| কেঁড়ে | কাঁটানটে | কাঙাল | কোরা | | |

- **মুন্ডারি শব্দ :** ডুঙি, চুলা
- **কোল শব্দ :** বোঙ্গা

## বিদেশি শব্দ

**ফারসি শব্দ:**

মনে রাখার টেকনিক: রোজা রেখে বান্দা পেরেশান হয়ে গুনাহ করে ফেললে খোদা পয়গম্বরের অনুরোধে বান্দা'র নামাজ তারাবি হাদিস এগুলো দেখে দোজখ এ না দিয়ে বেহেশত-এ ফেরেশতা'দের সাথে শিন্নি খাওয়াবেন।।

বিদেশি শব্দের মধ্যে বাংলা ভাষায় সবচেয়ে বেশি শব্দ এসেছে ফারসি শব্দ থেকে। যেমন-

ক. **ধর্মসংক্রান্ত শব্দ:** খোদা, গুনাহ, দোজখ, নামাজ, রোজা, পয়গম্বর, বেহেশত, শিন্নি, বান্দা, পেরেশান, ফেরেশতা, তারাবি, হাদিস।

খ. **প্রশাসনিক ও সাংস্কৃতিক শব্দ:** কাগজ, কারখানা, চশমা, জবানবন্দি, ফরমান, তোশক, দপ্তর, দরবার, দোকান, দস্তখত, দৌলত, নালিশ, বাদশাহ, মেথর, রসদ, বেগম, বান্দা, খোশরোজ, বাজার, পরচা, মর্সিয়া, আইন, পাঞ্জাবি, পাপোশ, পেয়াদা, পেশা, শের, দরজা।

গ. **বিবিধ শব্দ:** আয়না, আমদানি, আন্দাজ, কারবার, খরচ, সোয়া, জানোয়ার, জিন্দাবাদ, নমুনা, বদমাস, বরফ, মলম, রপ্তানি, হাঙ্গামা, হিন্দু, সবুজ, বাবেল, খাম, জঙ্গল, দারোগা, আসমান, ঘিঞ্জি, খোশমোদ, খামোখা, কাবাব, ফিরিঙ্গি, ফালুদা, বোরহানি, বেগার, বেকার, পেঁয়াজ, ভিস্তি, সাদা, রুমাল, সারেং, লুঙ্গি, আলবোলা, পরি, পেয়ালা, পায়খানা, তেজি, শালগম, লাগাম, চাবুক, খাকি, খানসামা।

- **দারোগা কোন ভাষার শব্দ:** দারোগা অর্থ থানার ভারপ্রাপ্ত কর্মচারী, পুলিশের উপপরিদর্শক। বাংলাপিডিয়ার মতে, দারোগা শব্দটির উৎপত্তি সম্ভবত মঙ্গোলীয় উৎস থেকে। [নবম-দশম শ্রেণির বাংলা ব্যাকরণে **দারোগা শব্দকে তুর্কি শব্দ** বলা হয়েছে (পৃ.৫১)। তবে বাংলা একাডেমির আধুনিক বাংলা অভিধানে দারোগা শব্দটি ফারসি বলা হয়েছে (পৃ. ৬৪৬)]।
- **লুঙ্গি কোন ভাষার শব্দ:** লুঙ্গি বর্মি শব্দ হিসেবে প্রচলিত। বর্মি বা বার্মিজ মায়ানমারের রাষ্ট্রভাষা। লুঙ্গি বা লোঙ্গাই মায়ানমারের জাতীয় পোশাক হিসেবে স্বীকৃত। **বাংলা একাডেমি আধুনিক বাংলা অভিধানে লুঙ্গি শব্দটিকে ফারসি বলা হয়েছে (পৃ. ১২০৭)।**

## আরবি শব্দ:

মনে রাখার টেকনিক

এলেম বা আলেমরা দোয়াত কলম দিয়ে কিতাবে গায়েব সম্পর্কিত কেচ্ছা কানুন লিখেন। উকিল মুক্তার ও মুহুরি মিলে এজলাস বা আদালতে গিয়ে মুন্সেফ বা হাকিমের কাছে মামলার আসামীরা বাদি ও বিবাদী'র জন্য হুকুম বা রায় চেয়েছে। মৌলভি, শরিফ, মোলায়েম গলায় মুসাফির বেশে অযু করে তসবীহ পড়তে পড়তে ইদ, ইনসান, যাকাত, হারাম, হালাল, হায়াত, কিয়ামত, গোসল, জাহান্নাম, কুরআন, ইমান, হজ্জ সম্পর্কে আলোচনা করছেন।

ক. **ধর্মসংক্রান্ত শব্দ:** আল্লাহ, আদাব, ইসলাম, ইমান, ওজু, কোরবানি, কোরআন, মুসাফির, কিয়ামত, কবুল, গোসল, জাহান্নাম, তওবা, তসবি, শহিদ, যাকাত, হারাম, হালাল, হায়াত, দাওয়াত, শরিফ, হজ্জ, মৌলভি, আলেম, ইসলাম, ইনসান, ইদ।

খ. **প্রশাসনিক ও সাংস্কৃতিক শব্দ:** আদালত, উকিল, বাকি, মক্কেল, ওজর, এজলাস, এলেম, কানুন, কলম, রায়, বকলম, কিতাব, কেচ্ছা, খারিজ, গায়েব, দোয়াত, দলিল, নগদ, মহকুমা, দালাল, মুন্সেফ, মোক্তার, জরিমানা, জরিপ, ইস্তফা, জেলা, লোকসান, আব্বা।

গ. **বিবিধ শব্দ:** আক্কেল, তেজারত, তাকলিফ, তবলা, মোলায়েম, মশগুল, মশকরা, তুফান, শরবত, লেবু, বোরন, তারিখ, বোরকা, ফানুস, খত, খাসি, খালু, দখল, হারেম, ইউনানি, ওজন, লাখেরাজ, গোলাম, আলাদা, দলিল।

- বাংলা একাডেমি আধুনিক বাংলা অভিধানে **তারিখ শব্দটি আরবি** বলা হয়েছে (পৃ. ৫৯৯), কিন্তু নবম দশম শ্রেণির নতুন ব্যাকরণে **তারিখ ফারসি শব্দ** বলা হয়েছে (পৃ. ৫১)।

## পর্তুগিজ শব্দ:

মনে রাখার টেকনিক

এক পাদ্রি বালতিতে করে আনারস নিয়ে গির্জায় গেল। তারপর দরজা জানালা ভেঙ্গে গুদামে গিয়ে চাবি দিয়ে আলমারি খুলে আলপিন বের করল এবং পাউরুটি খেয়ে বসে থাকল।

আতা, আনারস, আলপিন, আলমারি, আলকাতরা, ইস্তিরি, ইস্পাত, কেদারা, কামরা, কেরানি, কপি, গির্জা, গুদাম, গামলা, চাবি, জানালা, জালা, পেঁপে, পেরেক, পাউরুটি, পাদরি, পেয়ারা, পিস্তল, ফিতা, বালতি, বোতাম, বারান্দা, বেহালা, বর্গা, ইংরেজি, তোয়ালে, নিলাম, কাফ্রি, কাবাব, বোতল, বোমা, বোম্বেটে, ইংরেজ, ইংরেজি, কার্তুজ, সাগু।

**ইংরেজি শব্দ: ইংরেজি শব্দ দুই প্রকারে পাওয়া যায়।**

ক. **অনেকটা ইংরেজি উচ্চারণে:** কমা, কলেজ, কেরোসিন, চেয়ার, টিন, নভেল, নোট, পাউডার, পেনসিল, ব্যাগ, ফেল, বিল, মাস্টার, লাইব্রেরি, টুল, ফুটবল, টেবিল, টিকিট, স্টিমার, রেল, লাইন, পুলিশ, স্টেশন, থিয়েটার, কোম্পানি, ডিসমিস, সিনেমা।

খ. **পরিবর্তিত উচ্চারণে:** আফিম (Opium), অফিস (Office), বাক্স (Box), স্কুল (School), হাসপাতাল (Hospital), বেঞ্চি (Bench), গেলাস (Glass), জেল (Jail), এজেন্ট (Agent), কামান (Cannon), কৌঁসুলি (Counsellor)।

**তুর্কি শব্দ:** আলখাল্লা, উজবুক, কাঁচি, কাবু, কুলি, কুর্নিশ, কোর্তা, কোর্মা, খাঁ, চাকর, চাকু, চকমক, তোপ, বাবুর্চি, লাশ, বন্দুক, বারুদ, বাবা, সুলতান, বেগম, মুচলেকা, খুকি, চিলমচি।

**তুর্কি শব্দ**

মনে রাখার টেকনিক

সুলতান চাকর চাকু তোপ দারোগা বারুদ নিয়ে বাবুর্চি খোকা, খাঁ ও বেগমকে ভয় দেখাতে গিয়ে উল্টো বাবা আলখাল্লা পরে কোর্তা কোর্মা উজবুক কাঁচি দিয়ে তাকে কাবু করে ফেললো। এসব দেখে কুলি কুর্নিশ ও মুচলেকা দিয়ে চিলমচি নিয়ে বিদায় হল।

**হিন্দি শব্দ:** ভাই, চাচা, বোন, মামা, মামী, কাহিনি, রুটি, চানাচুর, চাচি, দাদা, খেলনা, গাং, ছোকরা, হালুয়া, লাগাতার, সমঝোতা, খতিয়ান, ফুচকা, ফুলকা, পাঁয়তারা, ঝান্ডা, ঢাল, পোখরাজ, মোড়ক, পিচকারি, টোল, জুতা, ধুতি, খাস্তা, খিরা, টহল, পাগড়ি, বাবু, শেরওয়ানি, ঠাণ্ডা, চাটনি, কলকি, নানা, নানি।

**ফরাসি শব্দ:** কার্তুজ, কুপন, ক্যাফে, ডিপো, ফরাসি, ওলন্দাজ, গ্যারেজ, বুর্জোয়া, রেস্তোরাঁ, আঁতেল, আঁতাত, রেঁনেসা।

**ওলন্দাজ/ডাচ শব্দ:** ক্যারেট, ইস্কাপন, টেক্কা, তুরুপ, রুইতন, হরতন।

**ইতালিয়ান শব্দ:** ফ্যাসিস্ট, মাফিয়া, ম্যাজেন্টা, ম্যালেরিয়া, কার্টুন, কার্নিভ্যাল, ক্যাসিনো, স্টুডিয়ো, জেব্রো, লাভা।

**জাপানি শব্দ:** জুডো, রিকশা, প্যাগোডা, সুনামি, হারিকিরি, হাসনাহেনা, ক্যারাটে।

মনে রাখার টেকনিক

হাসনাহেনা জুডো রিকশা চড়ে 'প্যাগোডা' সুনামি হারিকিরি ও ক্যারাটে নিয়ে ভাবতে লাগলো।

**গ্রিক শব্দ:** দাম, কেন্দ্র, ক্লোন, ক্লোরিন, আইসোটোপ, ইউরেনাস।
**জার্মান শব্দ:** নাৎসি, কিন্ডারগার্টেন, ট্রাম।
**চীনা শব্দ:** চা, চিনি, লুচি, লিচু, এলাচি, সাম্পান।

মনে রাখার টেকনিক

এলাচি লুঙ্গি পরে চা চিনি লিচু নিয়ে সাম্পান এ করে আসলো।

**সিংহলি:** সিডর (অর্থ-চোখ), বেরিবেরি।
**মালয়:** কাকাতুয়া, কিরিচ।
**তিব্বতি:** শেরপা, লামা।
**তামিল:** চুরুট।
**বর্মি:** ফুঙ্গি, নাপ্পি।
**গুজরাটি:** হরতাল, খদ্দর, জয়ন্তি।
**অস্ট্রেলিয়ান:** বুমেরাং, ক্যাঙ্গারু।

## মিশ্র শব্দ

মনে রাখার টেকনিক

বোমাবাজ পকেটমার ব্যারোমিটার চুরি করতে গিয়ে ডাক্তারখানায় ধরা পড়ল। আইনজীবী তাকে বাঁচানোর জন্য চৌহদ্দি লিখতে গিয়ে কালিকলম শেষ করে ফেললো। শাকসবজি খেতে খেতে হেড পণ্ডিত তা অবলোকন করছিল এবং খ্রিস্টাব্দ গুণছিলো।

| মিশ্র শব্দ | ভাষা | মিশ্র শব্দ | ভাষা |
|---|---|---|---|
| চৌহদ্দি | ফারসি+ আরবি | হাট-বাজার | বাংলা+ফারসি |
| কালিকলম | বাংলা+আরবি | হেড-মৌলভী | ইংরেজি+ফারসি |
| শাকসবজি | তৎসম+ফারসি | রাজা-বাদশা | তৎসম+ফারসি |
| হেড-পণ্ডিত | ইংরেজি+তৎসম | শ্রমিক-মালিক | তৎসম+আরবি |

| মিশ্র শব্দ | ভাষা | মিশ্র শব্দ | ভাষা |
|---|---|---|---|
| আইনজীবী | ফারসি+তৎসম | মাস্টারমশাই | ইংরেজি+তদ্ভব |
| খ্রিষ্টাব্দ | ইংরেজি+তৎসম | ডাক্তারখানা | ইংরেজি+ফারসি |
| পকেটমার | ইংরেজি+বাংলা | বকলম | ফারসি+আরবি |
| ব্যারোমিটার | গ্রিক+ইংরেজি | চৌকিদার | বাংলা+ফারসি |
| বোমাবাজ | পর্তুগিজ+ফারসি | | |

| উপসর্গ গঠিত শব্দ | |
|---|---|
| বেটাইম | ফারসি উপসর্গ + ইংরেজি |
| বেহেড | ফারসি উপসর্গ + ইংরেজি |
| নিটল | বাংলা উপসর্গ + তৎসম |

- **খণ্ডিত শব্দ:** শব্দের কোনো একটি অংশ যখন এককভাবে ভাষায় ব্যবহৃত হয় তখন তাকে খণ্ডিত শব্দ বলে। যেমন: টেলিফোন > ফোন, কমলা লেবু > কমলা, মাইক্রোফোন > মাইক।

## এক কথায় প্রশ্নোত্তর

**১. উৎপত্তিগত ও উৎসমূলকভাবে বাংলা ভাষার শব্দকে কয়টি ভাগে ভাগ করা হয়েছে?**
**উত্তর:** ৫ ভাগে।

**২. তদ্ভব-এর অর্থ কী?**
**উত্তর:** তার থেকে উৎপন্ন।

**৩. 'হাটবাজার' কোন কোন ভাষার শব্দ নিয়ে গঠিত?**
**উত্তর:** বাংলা ও ফারসি।

**৪. চা, লিচু, লুচি কোন জাতীয় শব্দ?**
**উত্তর:** চৈনিক।

**৫. 'ইংরেজ' কোন ভাষার শব্দ?**
**উত্তর:** পর্তুগিজ।

**৬. 'রেস্তোরাঁ কোন ভাষার শব্দ?**
**উত্তর:** ফরাসি।

**৭. চন্দ্র শব্দের তদ্ভব রূপ কী?**
**উত্তর:** চাঁদ।

**৮. 'কৃষ্ণ'-এর অর্ধ-তৎসম শব্দ কোনটি?**
**উত্তর:** কেষ্ট।

**৯. 'লুঙ্গি' কোন ভাষার শব্দ?**
**উত্তর:** বর্মি। [বাংলা একাডেমি আধুনিক বাংলা অভিধানে 'লুঙ্গি' শব্দটি ফারসি বলা হয়েছে]

**১০. 'শাকসবজি' শব্দটি কোন ভাষা থেকে উৎপত্তি?**
**উত্তর:** তৎসম + ফারসি।

**১১. 'চানাচুর' শব্দটি কোন ভাষা থেকে বাংলা ভাষায় এসেছে?**
**উত্তর:** হিন্দি।

**১২. 'রুইতন" শব্দটি কোন ভাষা থেকে আগত?**
**উত্তর:** ওলন্দাজ।

**১৩. হরতাল কোন ভাষার শব্দ?**
**উত্তর:** গুজরাটি।

**১৪. 'তারিখ' কোন ভাষার শব্দ?**
**উত্তর:** ফারসি।

**১৫. 'বাবুর্চি' কোন ভাষার শব্দ?**
**উত্তর:** তুর্কি।

**১৬. 'জানালা' কোন ভাষার শব্দ?**
**উত্তর:** পর্তুগিজ।

**১৭. 'পানি' শব্দটি বাংলা কোন ভাষা থেকে এসেছে?**
**উত্তর:** হিন্দি।

**১৮. 'নামায' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?**
**উত্তর:** ফারসি।

**১৯. 'খিদে' কোন ধরনের শব্দ?**
**উত্তর:** অর্ধ-তৎসম।

**২০. 'চকলেট' কোন দেশের ভাষার শব্দ?**
**উত্তর:** মেক্সিকান।

**২১. 'খোদা' শব্দটি কোন ভাষার শব্দ?**
**উত্তর:** ফারসি।

**২২. 'বকলম' শব্দটির উৎপত্তি হয়েছে–**
**উত্তর:** ফারসি ও আরবি ভাষা থেকে।

**২৩. 'জঙ্গল' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?**
**উত্তর:** ফারসি।

**২৪. 'আঁতাত' শব্দটি কোন ভাষা থেকে আগত?**
**উত্তর:** ফরাসি।

## Teacher's Work

**১. আরবি 'কলম' শব্দটি 'কলমোস' শব্দ থেকে এসেছে। 'কলমোস' কোন ভাষার শব্দ?** [৪৫ তম বিসিএস]
ক. পাঞ্জাবি খ .ফরাসি গ. গ্রিক শব্দ ঘ. স্পেনিশ **উ: গ**

**২. 'আদালত' শব্দটি কোন ভাষা থেকে জাত?** [হোম ইকোনমিস্ট (নিপোর্ট পদের পরীক্ষা)-২০২৪]
ক. আরবি খ. বাংলা গ. পর্তুগিজ ঘ. ফারসি **উ: ক**

**৩. 'আনারস' শব্দটি কোন ভাষা থেকে আগত?** [নর্দান ইলেট্রিসিটি সাপ্লাই পদের পরীক্ষা-২০২৪]
ক. ওলন্দাজ খ. পর্তুগিজ গ. তুর্কি ঘ. ফারসি **উ: খ**

**৪. 'রিক্সা' কোন ভাষার শব্দ?** [১৮তম শিক্ষক নিবন্ধন(কলেজ পর্যায়)-২০২৪]
ক. তুর্কি খ. কোরিয়ান গ. জাপানি ঘ. পর্তুগিজ **উ: গ**

**৫. 'পেয়ারা' কোন ভাষা থেকে আগত শব্দ?** [১৮ তম শিক্ষক নিবন্ধন(স্কুল পর্যায়)-২০২৪]
ক. হিন্দি খ. উর্দু গ. পর্তুগিজ ঘ. গ্রিক **উ: গ**

## শব্দের গঠনমূলক শ্রেণিবিভাগ

বাংলা ভাষার শব্দগুলোকে গঠন অনুসারে দুইভাগে ভাগ করা হয়েছে। যথা: মৌলিক শব্দ ও সাধিত শব্দ।

**ক. মৌলিক শব্দ:** মৌলিক শব্দগুলোই হচ্ছে ভাষার মূল উপকরণ। যেসব শব্দ বিশ্লেষণ করা যায় না বা ভেঙে আলাদা করা যায় না, সেগুলোকে মৌলিক শব্দ বলে। যেমন: গোলাপ, মা, ফুল, নাক, লাল, তিন, হাত, মাটি, ঢাকা, বাড়ি, পাখি, কালো ইত্যাদি।

**খ. সাধিত শব্দ:** যে সকল শব্দকে বিশ্লেষণ করা হলে আলাদা অর্থবোধক শব্দ পাওয়া যায়, সেগুলোকে সাধিত শব্দ বলে। সাধারণত একাধিক শব্দের সমাস হয়ে কিংবা প্রত্যয় বা উপসর্গ যোগ হয়ে সাধিত শব্দ গঠিত হয়ে থাকে। যেমন: গায়ক, প্রহার পরিচালক, গরমিল, সম্পাদকীয়, সংসদ-সদস্য প্রভৃতি। শব্দের দ্বিত্ব করেও সাধিত শব্দ হয়ে থাকে। যেমন: ফিসফিস, ধুমাধুম।

| | |
|---|---|
| ঘরামি (ঘর + আমি) | ডুবুরি (ডুব্ + উরি) |
| প্রশাসন (প্র + শাসন) | গরমিল (গর + মিল) |
| উপহার (উপ + হার) | প্রহার (প্র + হার) |
| শীতল (শীত + ল) | গৌরব (গুরু + ষ্ণ) |
| নেয়ে (না + ইয়া) | চাঁদমুখ (চাঁদের মতো মুখ) |
| চলন্ত (চল্ + অন্ত) | নীলাকাশ (নীল যে আকাশ) |

## শব্দের অর্থমূলক শ্রেণিবিভাগ

শব্দার্থ অনুসারে বাংলা ভাষার শব্দসমূহ তিন ভাগে বিভক্ত। যথা: যৌগিক শব্দ, রূঢ়ি শব্দ, যোগরূঢ় শব্দ।

**ক. যৌগিক শব্দ:** যে সকল শব্দের ব্যুৎপত্তিগত অর্থ ও ব্যবহারিক অর্থ একই রকম, সেগুলোকে যৌগিক শব্দ বলে।
যেমন: দৌহিত্র, সাংবাদিক, গায়ক, মধুর, মিতালি, জলজ, চিকামারা, বাবুয়ানা, রাঁধুনি, পিতৃহীন, চালক, পাঠক, পাগলামি ইত্যাদি।

| শব্দ | গঠন | অর্থ |
|---|---|---|
| কর্তব্য | কৃ + তব্য | যা করা উচিত |
| বাবুয়ানা | বাবু + আনা | বাবুর ভাব। |
| মধুর | মধু + র | মধুর মত মিষ্টি গুণযুক্ত। |
| গায়ক | গৈ + ণক (অক) | গান করে যে। |
| দৌহিত্র | দুহিতা + ষ্ণ্য | কন্যার পুত্র, নাতি। |
| লাজুক | লাজ + উক | লজ্জাবোধ করে এমন। |

**যৌগিক শব্দ**

মনে রাখার টেকনিক: মধুর গায়ক কর্তব্য না করে বাবুয়ানার মত ভাব করে রাঁধুনি দৌহিত্রকে নিয়ে চিকামারাতে গিয়ে দেখল পিতৃহীন চালক পাঠক মিতালির সঙ্গে পাগলামি করছে।

**খ. রূঢ়ি শব্দ:** যে সকল শব্দ প্রত্যয় বা উপসর্গযোগে মূল শব্দের অর্থের অনুগামী না হয়ে অন্য বিশিষ্ট অর্থ প্রকাশ করে, তাকে রূঢ়ি শব্দ বলে। যেমন: হস্তী, বাঁশি, তৈল, প্রবীণ, সন্দেশ, হরিণ, পাঞ্জাবি, ঝি ইত্যাদি।

| শব্দ | প্রকৃত অর্থ |
|---|---|
| হস্তী (হস্ত + ইন) | অর্থ: হস্ত আছে যার; কিন্তু হস্তী বলতে একটি পশুকে বোঝায়। |
| গবেষণা (গো+এষণা) | অর্থ: গরু খোঁজা। কিন্তু গভীরতম অর্থ অধ্যয়ন ও পর্যালোচনা। |
| বাঁশি | বাঁশ দিয়ে তৈরি যে কোনো বস্তু নয়, শব্দটি সুরের বিশেষ বাদ্যযন্ত্র, বিশেষ অর্থে প্রযুক্ত হয়। |
| তৈল | শুধু তিলজাত স্নেহ পদার্থ নয়, শব্দটি যে-কোনো উদ্ভিজ্জ পদার্থজাত স্নেহ পদার্থকে বোঝায়। যেমন: বাদাম তেল। |
| প্রবীণ | শব্দটির অর্থ হওয়া উচিত ছিল প্রকৃষ্টরূপে বীণা বাজাতে পারেন যিনি। কিন্তু শব্দটি অভিজ্ঞতাসম্পন্ন বয়স্ক ব্যক্তি অর্থে ব্যবহৃত হয়। |
| সন্দেশ | শব্দ ও প্রত্যয়গত অর্থে সংবাদ। কিন্তু রূঢ়ি অর্থে মিষ্টান্ন বিশেষ। |
| হরিণ | হরণ করেছে এমন কিছু না বুঝিয়ে একটি প্রাণীকে বোঝায়। |

**রূঢ়ি শব্দ**

মনে রাখার টেকনিক: তৈল'এ ভাজা সন্দেশ খেয়ে প্রবীণ লোকটি পাঞ্জাবি পরে ঝি'কে নিয়ে হস্তীর পিঠে ওঠে বাঁশি বাজায় যা গবেষণা করে দেখে হরিণ দ্রুতগামী প্রাণী।

**গ. যোগরূঢ় শব্দ:** সমাস নিষ্পন্ন যে সকল শব্দ সম্পূর্ণভাবে সমস্যমান পদসমূহের অনুগামী না হয়ে কোনো বিশিষ্ট অর্থ গ্রহণ করে, তাদের যোগরূঢ় শব্দ বলে। যেমন: পঙ্কজ, রাজপুত, জলদ, আদিত্য, তুরঙ্গম, চাঁদমুখ, সুহৃদ ইত্যাদি।

| শব্দ | প্রকৃত অর্থ |
|---|---|
| **পঙ্কজ** | পঙ্কে জন্মে যা (উপপদ তৎপুরুষ সমাস)। শৈবাল, শালুক, পদ্মফুল প্রভৃতি নানাবিধ উদ্ভিদ পঙ্কে জন্মে থাকে। কিন্তু পঙ্কজ শব্দটি একমাত্র 'পদ্মফুল' অর্থেই ব্যবহৃত হয়। তাই 'পঙ্কজ' একটি যোগরূঢ় শব্দ। |
| **রাজপুত** | রাজার পুত্র অর্থ পরিত্যাগ করে যোগরূঢ় শব্দ হিসেবে অর্থ হয়েছে 'জাতিবিশেষ'। |
| **মহাযাত্রা** | মহাসমারোহে যাত্রা অর্থ পরিত্যাগ করে যোগরূঢ় শব্দ হিসেবে অর্থ 'মৃত্যু'। |

| | |
|---|---|
| জলধি | 'জল' ধারণ করে এমন অর্থ পরিত্যাগ করে একমাত্র 'সমুদ্র' অর্থেই ব্যবহৃত হয় । |
| তুরঙ্গম | 'স্ত্রী না থাকলেও যে সংযমী থাকতে পারে বা ইচ্ছে করলেই দৌড়ের বেগ যে বাড়াতে পারে' অর্থ পরিত্যাগ করে শুধু ঘোড়া অর্থে ব্যবহৃত হয়েছে । |

**যোগরূঢ় শব্দ**

**মনে রাখার টেকনিক**

রাজপুত আদিত্য তুরঙ্গমে চড়ে পঙ্কজ ও সরোজ তোলার উদ্দেশ্যে জলধিতে যাওয়ার জন্য মহাযাত্রার আয়োজন করল ।

* **অন্যান্য যোগরূঢ় শব্দ :** সরোজ, আদিত্য ।



## এক কথায় প্রশ্নোত্তর

১. **'প্রবীণ' কোন ধরনের শব্দ?**
উত্তর: রূঢ়/রূঢ়ি শব্দ ।

২. **কয়েকটি মৌলিক শব্দের উদাহরণ–**
উত্তর: গোলাপ, নাক, লাল, তিন, হাত ইত্যাদি ।

৩. **অর্থ অনুসারে 'হরিণ' কোন ধরনের শব্দ?**
উত্তর: রূঢ়ি শব্দ ।

৪. **কয়েকটি যোগরূঢ় শব্দের উদাহরণ–**
উত্তর: পঙ্কজ, রাজপুত, জলধি, তুরঙ্গম প্রভৃতি ।

৫. **'সন্দেশ' কী ধরনের শব্দ?**
উত্তর: রূঢ়ি শব্দ ।

৬. **'কর্তব্য' কী ধরনের শব্দ?**
উত্তর: যৌগিক শব্দ ।

৭. **এক বা একাধিক বর্ণ মিলে কোনো অর্থ প্রকাশ করলে তাকে কী বলে?**
উত্তর: শব্দ ।

৮. **যেসব শব্দ মূল অর্থ প্রকাশ না করে অন্য বিশিষ্ট অর্থ প্রকাশ করে তাকে কী বলে?**
উত্তর: রূঢ়ি শব্দ ।

৯. **'মিতালি' কোন প্রকৃতির শব্দ?**
উত্তর: যৌগিক ।

১০. **'সুহৃদ' কী ধরনের শব্দ?**
উত্তর: যোগরূঢ় শব্দ ।



## Teacher's Work

১. **অর্থানুসারে শব্দ কত প্রকার?** [১৮ তম শিক্ষক নিবন্ধন(কলেজ পর্যায়)-২০২৪]
ক. ২ প্রকার খ. ৩ প্রকার গ. ৪ প্রকার ঘ. ৫ প্রকার **উ: খ**

২. **ব্যুৎপত্তিগতভাবে (উৎসগত বিচারে) বাংলা ভাষার শব্দকে কয়টি ভাগে ভাগ করা হয়েছে?** [সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ১৯]
ক. চারটি খ. দুইটি গ. পাঁচটি ঘ. তিনটি **উ: গ**

৩. **মৌলিক শব্দ কোনটি?** [১৪তম শিক্ষক নিবন্ধন সহকারী শিক্ষক (স্কুল সমমান)-২০১৭]
ক. আকাশ খ. শীতল গ. ঢাকাই ঘ. কান্না **উ: ক**

৪. **কোন দুটি শব্দ যৌগিক শব্দ?**[সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ০৮]
ক. হস্তী, বাঁশি খ. গায়ক, বাবুয়ানা গ. রাজপুত, সহযাত্রা ঘ. ঢাকা, গোলাক **উ: খ**

## Unique Question for Student Practice

১. ণ-ত্ব বিধান অনুসারে নিচের কোন বানানটি অশুদ্ধ?.
ক. পুরণো খ. নিরূপণ
গ. গ্রহণ ঘ. রূপায়ণ উ: ক

২. 'ষ' বর্ণটি কোন শব্দে প্রয়োগ হয়?
ক. তৎসম খ. দেশি
গ. তদ্ভব ঘ. অর্ধ-তৎসম উ: ক

৩. শুদ্ধ বানানটি হচ্ছে–
ক. নিসুতী খ. নিসুতি
গ. নিষুতী ঘ. নিষুতি উ: ঘ

৪. নিচের কোন বানানটি শুদ্ধ?
ক. মুমর্ষ খ. মূমুর্ষূ গ. মুমূর্ষু ঘ. মুমুর্ষ উ: গ

৫. কোনটি শুদ্ধ বানান?
ক. আনুষঙ্গিক খ. আনুসঙ্গিক
গ. অনুষঙ্গিক ঘ. আনূষঙ্গিক উ: ক

৬. কোনটি শুদ্ধ বানান?
ক. দুস্প্রাপ্য খ. দূস্প্রাপ্য
গ. দূষ্প্রাপ্য ঘ. দুষ্প্রাপ্য উ: ঘ

৭. সঠিক বানান কোনটি?
ক. সুষম খ. সুসম
গ. সুশম ঘ. সূসম উ: ক

৮. 'সুষমা' শব্দে যে নিয়মে 'ষ' বসে–
ক. 'স'-এর পূর্বে বসেছে বলে
খ. স্বভাবত 'ষ' বসে বলে
গ. 'ষম'-মূলরূপ থেকে উৎসারিত হওয়ায়
ঘ. 'উ'-কারান্ত উপসর্গ পূর্বে আছে বলে উ: ঘ

৯. কোন দুটিতে স্বভাবতই 'ণ' ও 'ষ' হয়েছে?
ক. রামায়ণ, উৎকৃষ্ট খ. বর্ণনা, অনুষঙ্গ
গ. কৃপণ, মুমূর্ষু ঘ. গণনা, পাষাণ উ: ঘ

১০. 'ট' বর্গীয় ধ্বনির আগে কোনটি ব্যবহৃত হয়?
ক. ন খ. প্ল
গ. ণ্য ঘ. ণ উ: ঘ

১১. নিচের কোন শব্দে ণ-ত্ব বিধি অনুসারে 'ণ'-এর ব্যবহার হয়েছে?
ক. কল্যাণ খ. প্রবণ
গ. নিক্কণ ঘ. বিপণি উ: খ

১২. ণ-ত্ব বিধি অনুসরণ করে 'ণ' হয়েছে নিচের কোন শব্দে?
ক. কোণ খ. কৃপণ
গ. লাবণ্য ঘ. বাণ উ: খ

১৩. কোনটি শুদ্ধ বানান?
ক. ষান্মাষিক খ. ষাণ্মাসিক
গ. ষান্নাষিক ঘ. সানমাসিক উ: খ

১৪. শুদ্ধ বানান কোনটি?
ক. অপরাহ্ন খ. অপরাহ্ণ
গ. অপরাণ্য ঘ. অপরান্য উ: খ

১৫. ণ-ত্ব বিধান অনুযায়ী কোন চারটি উপসর্গের পর 'ন' 'ণ' তে পরিবর্তিত হয়?
ক. প্র, পরা, পরি, নি খ. প্র, পরা, অপ, নির
গ. প্র, সম, পরি, নির ঘ. প্র, পরা, পরি, নির উ: ঘ

১৬. কোন বানানটি শুদ্ধ?
ক. প্রণয়ণ খ. প্রনয়ন
গ. প্রনয়ণ ঘ. প্রণয়ন উ: ঘ

১৭. 'মাণিক্য' শব্দে 'ণ' বসেছে ণ-ত্ব বিধানের কোন নিয়মে?
ক. 'ম' বর্ণের পরে 'ণ' হয়
খ. 'ক' বর্ণ এবং 'ম' বর্ণের মাঝে 'ণ' হয়
গ. 'ক' বর্ণের পূর্বে 'ণ' হয়
ঘ. স্বভাবতই 'ণ' হয় উ: ঘ

১৮. নিচের কোন শব্দে স্বভাবতই 'মূর্ধন্য-ণ' বসেছে?
ক. মণি খ. পরিণাম
গ. পরিণতি ঘ. নির্ণয় উ: ক

১৯. নিত্য মূর্ধন্য-ণ বাচক শব্দ কোনটি?
ক. তৃণ খ. গ্রহণ
গ. লক্ষণ ঘ. লবণ উ: ঘ

২০. নিচের কোন শব্দে স্বভাতই 'ণ' হয়েছে?
ক. বক্ষমাণ খ. স্থাণু
গ. পরিবহণ ঘ. উত্তরায়ণ উ: খ

২১. 'ণ' ত্ব ও 'ষ'ত্ব বিধান কোন শ্রেণির শব্দ থেকে অনুসৃত হয়?
ক. দেশি খ. বিদেশি
গ. তৎসম ঘ. খাঁটি বাংলা উ: গ

২২. কোনটি নিত্য মূর্ধন্য-ণ বাচক শব্দ?
ক. পুণ্য খ. গ্রহণ
গ. স্মরণ ঘ. অর্পণ উ: ক

২৩. নিচের কোন বানানে নিত্যই মূর্ধন্য-ণ হবে?
ক. বেণু খ. পরিমাণ
গ. দর্পণ ঘ. ঘণ্টা উ: ক

২৪. স্বভাবতই 'ণ' ব্যবহৃত হয়েছে কোন শব্দে?
ক. শ্রাবণ খ. হরিণ
গ. নিপুণ ঘ. ঘণ্টা উ: গ

২৫. নিচের কোন শব্দে নিত্য মূর্ধন্য-ণ হয়?
ক. বর্ণনা খ. শাণিত
গ. হরিণ ঘ. বণ্টন উ: খ

২৬. বাংলা বানানের নিয়ম অনুসারে নিচের কোনটি শুদ্ধ?
ক. গভর্ণর খ. গভর্নর
গ. গবর্ণর ঘ. গবর্নর উ: খ

২৭. 'দুর্নাম', 'দুর্নিবার' শব্দ দুটিতে মূর্ধন্য-ণ ব্যবহৃত হয়নি কেন?
ক. সমাসবদ্ধ শব্দ বলে খ. দেশি শব্দ বলে
গ. তৎসম শব্দ বলে ঘ. বিদেশি শব্দ বলে উঃ ক

২৮. কোন বানানটি খাঁটি ষ-ত্ব বিধানের উদাহরণ?
ক. বিশেষণ খ. ষোড়শ
গ. ভূষণ ঘ. স্পষ্ট উঃ খ

২৯. নিচের কোন শব্দে স্বভাবগত নিয়মে 'ষ' বসেছে?
ক. কৃষক খ. ঋষি
গ. ষড়ঋতু ঘ. কাষ্ঠ উঃ গ

৩০. বিভিন্ন দৃষ্টিকোণ থেকে বাংলা ভাষার শব্দসমূহকে কয়টি শ্রেণিতে ভাগ করা যায়–
ক. ৫ প্রকার খ. ৪ প্রকার
গ. ৩ প্রকার ঘ. ২ প্রকার উঃ গ

৩১. গঠন অনুসারে শব্দ কয় প্রকার?
ক. তিন খ. দুই
গ. পাঁচ ঘ. চার উঃ খ

৩২. মৌলিক শব্দ কোনটি?
ক. কবিতা খ. কাব্য
গ. পদ্য ঘ. কলম উঃ ঘ

৩৩. নিচের কোনটি মৌলিক শব্দ?
ক. বাঁশি খ. সুপ্রভাত
গ. ঢালাই ঘ. ঢাকা উঃ ঘ

৩৪. কোনটি মৌলিক শব্দ?
ক. লোনা খ. ডিঙ্গা
গ. ফুল ঘ. চাকা উঃ গ

৩৫. কোনটি মৌলিক শব্দের উদাহরণ?
ক. উপহার খ. সন্দেশ
গ. চাঁদ ঘ. বাঁশি উঃ গ

৩৬. মৌলিক শব্দ কোনটি?
ক. দেশান্তর খ. গায়েহলুদ
গ. নাক ঘ. অগ্নিবীণা উঃ গ

৩৭. নিচের কোনটি মৌলিক শব্দ?
ক. নিবাস খ. বিদেশি
গ. খেলনা ঘ. মুখ উঃ ঘ

৩৮. কোনটি মৌলিক শব্দ নয়?
ক. গোলাপ খ. গৌরব
গ. নাক ঘ. তিন উঃ খ

৩৯. নিচের কোনটি মৌলিক শব্দ নয়?
ক. গোলাপ খ. গায়ক
গ. হাত ঘ. ফুল উঃ খ

৪০. মৌলিক শব্দ বা ধাতুর সাথে উপসর্গ, প্রত্যয়যোগে বা সমাসের মাধ্যমে যে শব্দ গঠিত হয় তাকে কী বলে?
ক. প্রকৃতি খ. সমাসবদ্ধ শব্দ
গ. সাধিত শব্দ ঘ. মৌলিক শব্দ উঃ গ

৪১. নিচের কোনটি সাধিত শব্দ?
ক. হাত খ. বই
গ. কলম ঘ. গরমিল উঃ ঘ

৪২. কোনটি সাধিত শব্দের উদাহরণ?
ক. হাসান খ. প্রশাসনিক
গ. ঝনঝন ঘ. গোলাপ উঃ খ

৪৩. কোনটি সাধিত শব্দ নয়?
ক. পানসা খ. ফুলের
গ. গোলাপ ঘ. হাতল উঃ গ

৪৪. শব্দার্থ অনুসারে বাংলা ভাষার শব্দ সমষ্টিকে ভাগ করা যায়–
ক. দুই ভাগে খ. তিন ভাগে
গ. চার ভাগে ঘ. পাঁচ ভাগে উঃ খ

৪৫. যে শব্দ প্রত্যয় বা উপসর্গযোগে মূল শব্দের অর্থের অনুগামী না হয়ে অন্য কোনো বিশিষ্ট অর্থ জ্ঞাপন করে তাকে কী শব্দ বলে?
ক. রূঢ়ি খ. যৌগিক
গ. যোগরূঢ় ঘ. যোগরূঢ়ি উঃ ক

৪৬. কোনটি যৌগিক শব্দ?
ক. তৈল খ. রেশম
গ. দৌহিত্র ঘ. মহাযাত্রা উঃ গ

৪৭. কোনটি নিত্য মূর্ধন্য-ষ বাচক শব্দ?
ক. পরিষ্কার খ. তৃষ্ণা
গ. ভাষা ঘ. বৃষ্টি উঃ গ

৪৮. কোনটি অশুদ্ধ?
ক. কর্ষণ খ. যুধিষ্ঠির
গ. বিষাণ ঘ. অভিলাস উঃ ঘ

৪৯. স্বভাবতই 'ষ' হয়নি নিচের কোন শব্দে?
ক. নিষেধ খ. আষাঢ়
গ. মহিষ ঘ. বিশেষণ উঃ ক

৫০. কোন জাতীয় শব্দে 'ষ' ব্যবহার হয় না?
ক. তৎসম খ. বিদেশি/তদ্ভব
গ. সংস্কৃত ঘ. বৈদিক উঃ খ

৫১. অর্থবোধক ধ্বনিকে বলা হয়–
ক. বাক্য খ. উপসর্গ
গ. শব্দ ঘ. প্রত্যয় উঃ গ

৫২. ধ্বনির অর্থপূর্ণ মিলনে কী তৈরি হয়?
ক. বর্ণ খ. শব্দ
গ. বাক্য ঘ. ব্যাকরণ উঃ খ

